

2019

B.A. 1st Semester Examination
BENGALI (AECC-ELECTIVE)

Paper - AECC (MIL)

Full Marks : 40

Time : 2 Hours

The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.

বিভাগ-ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ১। ভাষা পরিকল্পনার 'কোডায়ন' (codification) বলতে কী বোঝানো হয়?
- ২। লিঙ্গগত কারণে সমাজভাষায় শব্দ পরিবর্তিত হয় এমন দুটি দৃষ্টান্ত দাও।
- ৩। বর্তমান আদর্শ কথ্যবাংলায় শব্দার্থ পরিবর্তনের দুটি দৃষ্টান্ত দাও।
- ৪। অনুবাদ বলতে কী বোঝা?
- ৫। সাক্ষ্যাংকার গ্রহণে বিশেষ প্রয়োজন এমন দুটি প্রযুক্তি মাধ্যমের উল্লেখ করো।

[Turn Over]

- ৬। বক্তৃতা প্রদানের সময় শরীরী ভাষার (Body Language) অন্তত দুটি গুরুত্ব উল্লেখ করো।
- ৭। দু-জন সমাজ ভাষাবিজ্ঞানীর নাম লেখো।
- ৮। বিদেশি ভাষা থেকে বাংলায় অনূদিত হয়েছে এমন দুটি গ্রন্থের নাম লেখো।

খ-বিভাগ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 5 = 20$

- ৯। ইংরেজিতে অনুবাদ করো:

সদগ্রন্থ হল জ্ঞান ও প্রজ্ঞার ভান্ডারগৃহ। যিনি এই গৃহের চাবিকাঠির অধিকারী হন, তিনি এই ভান্ডার ঘরে প্রবেশের অধিকারী হন, আর নিজেকেও সাহায্য করেন। সেই চাবিকাঠিটা কী? সোজা কথায় পড়ার সক্ষমতা। যিনি পড়তে পারেন, তিনি বিশ্বের বিখ্যাত চিন্তাবিদদের বিখ্যাত চিন্তার সঙ্গে সংযুক্ত হতে পারেন। যে ব্যক্তি কখনও কোনো বই পড়েন নি, তাঁর মন হচ্ছে অন্তসার শূন্য।

- ১০। একজন প্রখ্যাত খেলোয়াড়ের সঙ্গে কল্পিত সাক্ষাৎকার রচনা করো।
- ১১। ভাষাপরিকল্পনা কাকে বলে? বাংলা ভাষার ক্ষেত্রে কী ধরণের ভাষাপরিকল্পনা প্রয়োজন বলে তুমি মনে করো।

- ১২। বক্তৃতা প্রদানের ক্ষেত্রে উচ্চারণ ও সময় সম্পর্কিত সচেতনতা কতটা গুরুত্বপূর্ণ—বুঝিয়ে দাও।
- ১৩। পেশার কারণে বাংলা সমাজভাষার যে বৈচিত্র্য দেখা যায় তার পরিচয় দাও।
- ১৪। বর্তমান আদর্শ কথ্য বাংলাভাষার যেকোনো পাঁচটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ লেখো।

বিভাগ-গ

যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ১৫। ভাষা পরিকল্পনার উপযোগিতা বিষয়ে ভাষাবিজ্ঞানীদের মতামত বিচার করো।
- ১৬। অনুবাদের ক্ষেত্রে অনুবাদককে মেনে চলতে হয়, এমন গুরুত্বপূর্ণ আদর্শ বা নিয়মগুলি লেখো।